# নির্বাচিত সরকার গঠিত না হওয়া পর্যন্ত আন্দোলন থামবে না: আমীর খসরু



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী জানিয়েছেন, আগামী বছরের ফেব্রুয়ারির প্রথমার্ধে দেশের জনগণ নির্বাচনের মাধ্যমে একটি সংসদ গঠন করবে এবং নতুন নির্বাচিত সরকার দায়িত্ব গ্রহণ করবে। সেই সময় না আসা পর্যন্ত বিএনপির আন্দোলন অব্যাহত থাকবে।

শুক্রবার (৭ নভেম্বর) বিকেলে নগরীর ২ নম্বর গেইট এলাকায় জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে আয়োজিত জনসভায় তিনি এ কথা বলেন।

তিনি আরও বলেন, বিগত ১৫ বছরে বিএনপি ঐক্যবদ্ধভাবে বিভিন্ন আন্দোলন ও সংগ্রামের মাধ্যমে আওয়ামী লীগ সরকারের কর্মকাণ্ড চ্যালেঞ্জ করেছে। আগামী দিনগুলোতেও একইভাবে ঐক্যবদ্ধ থাকা অপরিহার্য। যারা নির্বাচনের প্রক্রিয়া বিলম্বিত করতে চায় বা বাধা সৃষ্টি করে, তাদেরকে গণতন্ত্রের শত্রু হিসেবে আখ্যায়িত করেছেন তিনি।

এদিন দুপুরে গুলিবিদ্ধ বিএনপি প্রার্থী এরশাদ উল্লাহর কাছে যান খসরু এবং বলেন, নির্বাচনের নিরাপত্তা ও স্বচ্ছতা ক্ষুণ্ণ করতে এরশাদ উল্লাহর ওপর হামলার ঘটনা ঘটেছে। এ ঘটনায় সন্ত্রাসীদের সরাসরি ব্যবহার করা হয়েছে।

LENS ASIA